গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
আশ্রয়ণ-২ প্রকল্প
তেজগাঁও, ঢাকা।

স্মারক নং-০৩.৭০৩.০১৪.০০.০০.১৩৩২.২০১৬- ১৬৯৮ তারিখঃ২০/০৩/২০১৬ খ্রিঃ

বিষয় : সবার জন্য বাসস্থান নিশ্চিত করার লক্ষ্যে পাইলট হিসেবে ০৮ টি উপজেলাকে গৃহহীন মুক্ত উপজেলা ঘোষণা।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাননীয় প্রধানমন্ত্রী দেশে কোন মানুষ গৃহহীন থাকবে না মর্মে ঘোষণা করেছেন। উক্ত সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য এবং "সবার জন্য বাসস্থান" নিশ্চিত করার লক্ষ্যে পাইলটিং হিসেবে ০৮ টি বিভাগে ০৮ টি উপজেলাকে গৃহহীন মুক্ত উপজেলা করার লক্ষ্যে নিম্নবর্ণিত উপজেলাসমূহকে নির্বাচন করা হয়েছেঃ

বিভাগ	জেলা	উপজেলা
ঢাকা	মানিকগঞ্জ	দৌলতপুর
ময়মনসিংহ	জামালপুর	মেলান্দহ
চট্টগ্রাম	লক্ষ্মীপুর	রামগতি
খুলনা	খুলনা	কয়রা
রাজশাহী	সিরাজগঞ্জ	চৌহালী
বরিশাল	ভোলা	মনপুরা
সিলেট	মৌলভীবাজার	শ্রীমঙ্গল
রংপুর	নীলফামারী	কিশোরগঞ্জ

০২। এ কাজকে সফল করতে হলে বর্ণিত উপজেলাগুলোর গৃহহীন পরিবারসমূহ চিহ্নিত করা দরকার। এজন্য প্রকাশ্যে ব্যাপক জনগণের উপস্থিতিতে ইউনিয়ন/পৌরসভা পর্যায়ে তালিকা তৈরীর নিমিত্তে নিম্নরূপ কমিটি গঠন করা করা হলোঃ

ইউনিয়ন/পৌরসভা পর্যায়ে বাছাই কমিটিঃ

১. উপজেলা পর্যায়ের একজন কর্মকর্তা ((উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত)। - আহ্বায়ক
২. সংশ্লিষ্ট পৌরসভার মেয়র/ইউপি চেয়ারম্যান। - সদস্য
৩. সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ১জন প্রধান শিক্ষক (সদর ওয়ার্ড)। - সদস্য

কমিটির অধিক্ষেত্রঃ কমিটি একটি নির্দিষ্ট ধার্যকৃত দিনে (২০-২৮ মার্চ/২০১৬ মাসের মধ্যে) উন্মুক্তস্থানে সকল উপকারভোগীদের উপস্থিতিতে গৃহহীন পরিবার চিহ্নিত করে গৃহহীন পরিবারের তালিকা প্রস্তুত করবে। উক্ত তালিকা উপজেলা নির্বাহী অফিসারের নিকট দাখিল করতে হবে। বাছাইয়ের বিষয়ে ব্যাপক প্রচারণা করতে হবে এবং সকল ওয়ার্ড মেম্বার/কমিশনারসহ গণ্যমান্য ব্যক্তিদের উপস্থিতিতে বাছাই প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

০৩। এমতাবস্থায়, আগামী ২৮/০৩/২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে গৃহহীন পরিবারের তালিকা প্রণয়ন করে তা এ কার্যালয়ে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ প্রস্তাবিত ছক-০১ পাতা।

২০/৩/১৬
(মোঃ নুরুন্নবী)
উপ-প্রকল্প পরিচালক(যুগ্ম সচিব)
টেলিফোনঃ ৯১১৪৩২১

উপজেলা নির্বাহী অফিসার
দৌলতপুর,মানিকগঞ্জ/মেলান্দহ,জামালপুর/রামগতি,লক্ষীপুর/কয়রা,খুলনা/
চৌহালী,সিরাজগঞ্জ/মনপুরা, ভোলা/ শ্রীমঙ্গল,মৌলভীবাজার/কিশোরগঞ্জ,নীলফামারী।

অনুলিপিঃ
১। কমিশনার, ঢাকা/ময়মনসিংহ/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/বরিশাল/সিলেট/রংপুর বিভাগ।
২। জেলা প্রশাসক, মানিকগঞ্জ/জামালপুর/লক্ষীপুর/খুলনা/সিরাজগঞ্জ/ভোলা/মৌলভীবাজার/নীলফামারী।
৩। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
আশ্রয়ণ-২ প্রকল্প
তেজগাঁও, ঢাকা।

স্মারক নং-০৩.৭০৩.০১৪.০০.০০.১৩৩২.২০১৬- ৯৪০৩ তারিখঃ২০/০৩/২০১৬ খ্রিঃ

বিষয় : সবার জন্য বাসস্থান নিশ্চিত করার লক্ষ্যে পাইলট হিসেবে ০৮ টি উপজেলাকে গৃহহীন মুক্ত উপজেলা ঘোষণা।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাননীয় প্রধানমন্ত্রী দেশে কোন মানুষ গৃহহীন থাকবে না মর্মে ঘোষণা করেছেন। উক্ত সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য এবং "সবার জন্য বাসস্থান" নিশ্চিত করার লক্ষ্যে পাইলটিং হিসেবে ০৮ টি বিভাগে ০৮ টি উপজেলাকে গৃহহীন মুক্ত উপজেলা করার লক্ষ্যে নিম্নবর্ণিত উপজেলাসমূহকে নির্বাচন করা হয়েছেঃ

বিভাগ	জেলা	উপজেলা
ঢাকা	মানিকগঞ্জ	দৌলতপুর
ময়মনসিংহ	জামালপুর	মেলান্দহ
চট্টগ্রাম	লক্ষ্মীপুর	রামগতি
খুলনা	খুলনা	কয়রা
রাজশাহী	সিরাজগঞ্জ	চৌহালী
বরিশাল	ভোলা	মনপুরা
সিলেট	মৌলভীবাজার	শ্রীমঙ্গল
রংপুর	নীলফামারী	কিশোরগঞ্জ

০২। এ কাজকে সফল করতে হলে বর্ণিত উপজেলাগুলোর গৃহহীন পরিবার চিহ্নিত করা দরকার। এজন্য প্রকাশ্যে ব্যাপক জনগণের উপস্থিতিতে ইউনিয়ন/পৌরসভা পর্যায়ে তালিকা তৈরীর জন্য ০১ টি ইউনিয়ন/পীরসভা পর্যায়ে বাছাই কমিটি করা হয়েছে। উক্ত কমিটি কর্তৃক দাখিলকৃত তালিকা বাছাইয়ের নিমিত্ত নিম্নরূপ উপজেলা পর্যায়ে বাছাই কমিটি গঠন করা করা হলোঃ

উপজেলা পর্যায়ে বাছাই কমিটিঃ

১. উপজেলা নির্বাহী অফিসার। - আহ্বায়ক
২. উপজেলার ভাইস চেয়ারম্যান ২ জন - সদস্য
৩. সংশ্লিষ্ট পৌরসভার মেয়র/ইউপি চেয়ারম্যান। - সদস্য
৪. আশ্রয়ণ-২ প্রকল্পের ১জন প্রতিনিধি। - সদস্য
৫. ইউনিয়ন/পৌরসভা কমিটির আহ্বায়কবৃন্দ। - সদস্য

অধিক্ষেত্রঃ কমিটির আহ্বায়ক গৃহহীনের তালিকা যাচাই-বাছাইয়ের জন্য একটি নির্দিষ্ট দিন ধার্য করে (৩০ মার্চ/২০১৬ মাসের মধ্যে) প্রতিনিধি প্রেরণের জন্য আশ্রয়ণ-২ প্রকল্পের প্রকল্প পরিচালককে অবহিত করবেন। তালিকা চূড়ান্তকরণের প্রয়োজনে উক্ত কমিটি সরজমিনে পরিদর্শন করবে এবং গৃহহীনদের চূড়ান্ত তালিকা প্রণয়ন করবে। কমিটি কর্তৃক বাছাইকৃত তালিকা সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার জেলা প্রশাসকের মাধ্যমে প্রকল্প পরিচালক আশ্রয়ণ-২ প্রকল্প এর নিকট প্রেরণ করবে। উপজেলা চেয়ারম্যান কমিটির উপদেষ্টা হিসেবে কাজ করবেন।

০৩। এমতাবস্থায়, আগামী ০৭/০৪/২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে গৃহহীন পরিবারের তালিকা প্রণয়ন করে তা এ কার্যালয়ে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ প্রস্তাবিত ছক-০১ পাতা।

২০/৩/১৬
(মোঃ নুরুন্নবী)
উপ-প্রকল্প পরিচালক(যুগ্ম সচিব)
টেলিফোনঃ ৯১১৪৩২১

উপজেলা নির্বাহী অফিসার
দৌলতপুর,মানিকগঞ্জ/মেলান্দহ,জামালপুর/রামগতি,লক্ষীপুর/কয়রা,খুলনা/
চৌহালী,সিরাজগঞ্জ/মনপুরা, ভোলা/ শ্রীমঙ্গল,মৌলভীবাজার/কিশোরগঞ্জ,নীলফামারী।

অনুলিপিঃ

১। কমিশনার, ঢাকা/ময়মনসিংহ/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/বরিশাল/সিলেট/রংপুর বিভাগ।
২। জেলা প্রশাসক, মানিকগঞ্জ/জামালপুর/লক্ষীপুর/খুলনা/সিরাজগঞ্জ/ভোলা/মৌলভীবাজার/নীলফামারী।
৩। অফিস কপি।

প্রস্তাবিত ছক

ইউনিয়নঃ উপজেলাঃ জেলাঃ

১	জমির উপকারভোগীর নাম	
২	পিতা/মাতা/স্বামী/স্ত্রীর নাম	
৩	উপকারভোগীর বয়স	
৪	বর্তমান ঠিকানা	
৫	জাতীয় পরিচয়পত্র নম্বর (পরিচয়পত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে)	
৬	টেলিফোন/মোবাইল নম্বর (যদি থাকে)	
৭	উপকারভোগীর পেশা	
৮	মোট জমির পরিমান	
৯	প্রস্তাবিত ভূমির তথ্য	মোট জমি----- দাগ নং--- মৌজা----জেএল নং----- ইউনিয়ন------ থানা/উপজেলা------- দলিল নম্বর/নামজারী- ---------------------------
১০	প্রস্তাবিত জমির চৌহদ্দি	পূর্বে-------------- ---- পশ্চিমে-------------- উত্তরে------------------দক্ষিণে-----------------
১১	বর্তমান বাসস্থান সংক্রান্ত তথ্য	ঘরের ধরণঃ সংখ্যাঃ
১২	অন্যের বাড়ী/সরকারী খাস জমিতে থাকেন কিনা?	

ইউনিয়ন/পৌরসভা পর্যায়ে বাছাই কমিটির সদস্যদের স্বাক্ষর

সদস্য সদস্য আহ্বায়ক

প্রতিস্বাক্ষরঃ উপজেলা নির্বাহী অফিসার